# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَاء

আয়াতঃ ২১ : ৬৭

## আরবি মূল আয়াত:

أُفٍّ لَّكُم وَ لِمَا تَعبُدُونَ مِن دُونِ اللّٰهِ ؕ اَفَلَا تَعقِلُونَ ﴿۶۷﴾

## অনুবাদসমূহ:

‘ধিক তোমাদেরকে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ইবাদাত কর তাদেরকে! ‘তবুও কি তোমরা বুঝবে না’? — আল-বায়ান

ধিক তোমাদের প্রতি আর আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ‘ইবাদাত কর তাদেরও প্রতি। এরপরও কি তোমরা বুঝবে না। — তাইসিরুল

ধিক তোমাদেরকে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ইবাদাত কর তাদেরকে! তোমরা কি বুঝবেনা? — মুজিবুর রহমান

Uff to you and to what you worship instead of Allah. Then will you not use reason?" — Sahih International

৬৭. ধিক তোমাদের জন্য এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের ইবাদত কর তাদের জন্য! তবুও কি তোমরা অনুধাবন করবে না?

-

তাফসীরে জাকারিয়া

(৬৭) ধিক্ তোমাদেরকে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের উপাসনা কর তাদেরকে! তবে কি তোমরা বুঝবে না।’[1]

[1] যখন তারা তাদের অক্ষমতার কথা স্বীকার করতে বাধ্য হল, তখন ইবরাহীম (আঃ) তাদের অজ্ঞতার উপর আফসোস করে বললেন, তোমরা আল্লাহকে ছেড়ে এমন অক্ষমদের ইবাদত কর?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2550

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন